দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 MAY 2015
পৃষ্ঠা ৫ কলাম ২

# ঢাবির জিয়া হলের নতুন প্রভোস্ট ড. জিয়া রহমান

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের নতুন প্রভোস্ট হিসেবে নিয়োগ পেয়েছেন ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ ম ম স আরেফিন সিদ্দিক তাকে এ পদে নিয়োগ দেন।

হল সূত্রে জানা যায়, বিগত ছয় বছর ধরে এ হলের প্রভোস্ট হিসেবে দায়িত্ব পালন করেন ওষুধ প্রযুক্তি বিভাগের অধ্যাপক আ ব ম ফারুক। সম্প্রতি দুই মেয়াদে ছয় বছর পূর্ণ হলে তার স্থলে অধ্যাপক ড. জিয়া রহমানকে এ নিয়োগ দেন ভিসি। গত বুধবার দুপুরে এক অনুষ্ঠানের মাধ্যমে প্রভোস্টের দায়িত্ব গ্রহণ করেন তিনি।